দৈনিক ইত্তেফাক

২৯/৭/২০০৮

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ভোলায় ২টি সরকারী কলেজে শিক্ষক সঙ্কট

ভোলা সংবাদদাতা ॥ জেলা সদরের দুইটি সরকারী কলেজে শিক্ষক সংকট প্রকট আকার ধারণ করিয়াছে। ভোলা সরকারী ফজিলাতুন নেসা মহিলা কলেজে ৪৪টি শিক্ষকের পদ থাকিলেও সেখানে বর্তমানে মাত্র ১৭ জন শিক্ষক রহিয়াছে। অতিসম্প্রতি এই কলেজ হইতে ১০ জন শিক্ষককে অন্যত্র বদলি করিলে শিক্ষকের এই স্বল্পতা দেখা দেয়। ইহাতে ছাত্রীদের লেখাপড়ায় অচলাবস্থার সৃষ্টি হইয়াছে। কলেজের অধ্যক্ষ প্রফেসর মো: শাজাহান মিয়া জানান, ইংরেজী, রাষ্ট্রবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, কম্পিউটার ইতিহাস ও গণিতের মত গুরুত্বপূর্ণ বিষয়ে কোন শিক্ষক নাই। কলেজটিতে ৭টি বিষয়ে অনার্স কোর্স চালু রহিয়াছে। অন্যদিকে ভোলা সরকারী কলেজেও শিক্ষক স্বল্পতা প্রকট। ঐ কলেজের অধ্যক্ষ প্রফেসর মুহাম্মদ নুরুল হক জানান, অধ্যক্ষ/উপাধ্যক্ষসহ কলেজটিতে পদের সংখ্যা ৭২। কিন্তু বর্তমানে উপাধ্যক্ষসহ ২৪টি পদ শূন্য রহিয়াছে। প্রদার্থ ও প্রাণি বিদ্যায় মাত্র একজন করিয়া শিক্ষক রহিয়াছে।